

## বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা

বাজেট ডিপার্টমেন্ট

(গ্রীন ব্যাংকিং সেল)

প্রজ্ঞাপন নং - ০১/ ২০১৬

নং- ০৮.৩/

তারিখঃ মার্চ ০৭, ২০১৬  
ফাল্গুন ২৪, ১৪২২

**বিষয়ঃ** ব্যাংকের ২০১৬ সালের গ্রীন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের বাজেট বরাদ্দ।

ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ ২০১৬ সালের অনুমোদিত বাজেট হতে গ্রীন ব্যাংকিং অর্থায়ন খাতে নিম্নোক্ত ঋণ বিতরণের বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে অনুমোদন করেছেনঃ


(কোটি টাকায়)

খাত	মোট বরাদ্দ	মোট বাজেটের মধ্যে গ্রীন ব্যাংকিং খাতের বরাদ্দ	১ম ত্রৈমাসিক	২য় ত্রৈমাসিক	৩য় ত্রৈমাসিক	৪র্থ ত্রৈমাসিক
ক) দীর্ঘ মেয়াদী ঋণ	২০০.০০	৩১.০০	৮.০০	৮.০০	৭.৫০	৭.৫০
খ) এস এম ই ঋণ	৩০০.০০	১৫.০০	৩.০০	৪.৫০	৪.৫০	৩.০০
গ) ক্যাশ ক্রেডিট/চলতি মূলধন ঋণ	২০০.০০	১০.০০	২.০০	৩.০০	৩.০০	২.০০
ঘ) অন্যান্য (আমদানী রপ্তানী, গৃহ নির্মাণ, ওডি, ব্যক্তিগত, সাবসিডিয়ারী, কর্মচারী ঋণ)	৪২০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
মোটঃ	১১২০.০০	৫৬.০০	১৩.০০	১৫.৫০	১৫.০০	১২.৫০

০২। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট (গ্রীন ব্যাংকিং এন্ড সিএসআর) হতে বিভিন্ন সময়ে প্রচারিত ৫০টি প্রকল্পের তালিকা এসএমই ডিপার্টমেন্ট বিগত ১৫-১২-২০১৫ তারিখে WAN -এর মাধ্যমে সকল ডিপার্টমেন্ট, জোন এবং ব্রাঞ্চকে অবহিত করেছে।

০৩। এ প্রসঙ্গে উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের ০৪-০৯-২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-৪ অনুযায়ী ২০১৩ সালের পূর্বে তফসিলীভুক্ত ব্যাংক সমূহের জন্য গ্রীন ব্যাংকিং খাতের লক্ষ্যমাত্রা ২০১৫ সালের তাদের বিতরণকৃত মোট ফান্ডেড ঋণ/বিনিয়োগের ৫% নির্ধারণ করা হয়েছে। যার লক্ষ্যমাত্রা অর্জন ব্যাংকগুলোর CAMELS রেটিং এর মূল্যায়নে বিবেচিত হবে যা বিগত ২১/১০/২০১৪ তারিখে এ ডিপার্টমেন্টের ০২/২০১৪ নং- প্রজ্ঞাপনের মাধ্যমে সকল ডিপার্টমেন্ট, জোন এবং ব্রাঞ্চকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলেও গ্রীন ব্যাংকিং খাতে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যাংকের CAMELS রেটিং এর উপর এর প্রভাব পড়েছে। যা হতাশাব্যঞ্জক।

০৪। এমতাবস্থায়, গ্রীন ব্যাংকিং অর্থায়নের উপর্যুক্ত লক্ষ্যমাত্রা এখন থেকেই অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও সকল ব্রাঞ্চ অফিস সমূহকে অনুরোধ করা হল।

  
(এ কে এম হামিদুর রাহমান) ০৩, ১৬

জেনারেল ম্যানেজার

ফোনঃ ৯৫১৫১৪৯

ই-মেইল: hamidur.rahman@bdbl.com.bd